সংযোজনী ৪

# আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩

আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের নাম: জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২০২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা....................................... | | | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ২ | সংখ্যা | অ:জে:প্র (শিক্ষা ও আইসিটি) | ৪ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | |
| | | | | | | অর্জন | ০১ | | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৪ | % | সংশ্লিষ্ট সকল দপ্তর | ৯০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ২০% | | | | | | |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | অ: জে: প্র (শিক্ষা ও আইসিটি) | ৪ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | |
| | | | | | | অর্জন | ০১ | | | | | | |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | অ:জে:প্র (সার্বিক) | ১০০ জন | লক্ষ্যমাত্রা | ২৫ জন | ২৫ জন | ২৫ জন | ২৫ জন | | | |
| | | | | | | অর্জন | ৫০ | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | অর্জিত মান | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা ইত্যাদি | ১. স্বাস্থ্যবিধি অনুসরণ<br>২. টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ<br>৩. উন্নত কর্ম-পরিবেশ<br>৪.পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি, মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা | ৩ | সংখ্যা ও তারিখ | ১। নেজারত ডেপুটি কালেক্টর<br>২। সহকারী কমিশনার(সাধারণ শাখা) | ৪<br>৬/৭/২০২২<br>২৭/১০/২২<br>৩০/০১/২৩<br>২৭/৪/২৩ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | |
| | | | | | | অর্জন | ০১ | | | | | | |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ..........** | | | | | | | | | | | | | |
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৩ | তারিখ | ১। নেজারত ডেপুটি কালেক্টর | ৪<br>২৮/৭/২২<br>২৭/১০/২২<br>৩০/১/২৩<br>২৭/৪/২৪ | লক্ষ্যমাত্রা | ০১ | ০১ | ০১ | ০১ | | | (মূল ক্রয়-পরিকল্পনাটি প্রক্ষেপিত ৪টি ত্রৈমাসিক লক্ষ্যমাত্রা অনুযায়ী ক্রমপুঞ্জিভূত ভাবে বাস্তবায়িত হবে) |
| | | | | | | অর্জন | ০১ | | | | | | |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম..................** (অগ্রাধিকার ভিত্তিতে ১ নংসহ ন্যূনতম চারটি কার্যক্রম) | | | | | | | | | | | | | |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ | রেজিস্টার হালনাগাদকৃত | ৮ | % | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা | ৯০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ২০% | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ৩.২ আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ডিজিটাইলাইজেশন করা | লাইসেন্স ডিজিটাল করা | ৮ | % | সহকারী কমিশনার (জেএম শাখা) | ৮০% | লক্ষ্যমাত্রা | ২০% | ২০% | ২৫% | ২৫% | | | |
| | | | | | | অর্জন | ২০% | | | | | | |

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২২-২৩ অর্থবছরের লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ, ২০২২-২০২৩ | | | | | | অর্জিত মান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ অর্জন | ১ম কোয়ার্টার | ২য় কোয়ার্টার | ৩য় কোয়ার্টার | ৪র্থ কোয়ার্টার | মোট অর্জন | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| ৩.৩ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে সকল শাখার কর্মচারীদের জবাবদিহিতার আওতায় আনয়ন। | কর্মচারীদের জবাবদিহিতার আওতায় আনয়ন | ৮ | সংখ্যা | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা | ১২ | লক্ষ্যমাত্রা | ৩ | ৩ | ৩ | ৩ | | | |
| | | | | | | অর্জন | ৩ | | | | | | |
| ৩.৪ সংশ্লিষ্ট শাখায় সরকারি ফি আদায়ে সিটিজেন চার্টারে ফি'র পরিমাণ উল্লেখকরণ ও দৃশ্যমান স্থানে টাঙ্গানো | সরকারি ফি'র পরিমাণ উল্লেখসহ শাখার দৃশ্যমান স্থানে টাঙ্গানো | ৮ | সংখ্যা | সংশ্লিষ্ট সকল শাখা কর্মকর্তা | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | | | |
| | | | | | | অর্জন | ১ | | | | | | |

জেলা প্রশাসক
গাজীপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাজীপুর
আইসিটি শাখা

শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার আলোকে 'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে ত্রৈমাসিক সভা'র সেপ্টেম্বর/২০২২ মাসের কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | আনিসুর রহমান<br>জেলা প্রশাসক, গাজীপুর |
| সভার তারিখ | ১৮ সেপ্টেম্বর ২০২২ |
| সভার সময় | বেলা ০২.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক, গাজীপুর এর ভাওয়াল সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল হলো দুর্নীতি ঠেকাতে নাগরিক জীবনের প্রতিটি ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা এবং সততা নিশ্চিতকরণে সরকার প্রণীত একটি সুশাসন কৌশল। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) এর প্রেক্ষিতে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার (২০২২-২০২৩) প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গ্রহণের ক্র:নং ১.৩ অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কার্যক্রমের অংশ হিসেবে সকল সরকারি দপ্তরে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা ত্রৈমাসিক ভিত্তিতে ২০২২-২৩ অর্থবছরে মধ্যে ০৪(চার) বার অনুষ্ঠিত হবে বলে সভাকে অবহিত করা হয়। তারই ধারবাহিকতায় সভার আয়োজন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত এ কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২৩ প্রণয়ন করা হয়েছে। তৎপর্যায়ে মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টায় শুদ্ধাচার কর্মকৌশল শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে অভিমত প্রকাশ করা হয়। উল্লেখ্য, অংশীজন (Stakeholder) বলতে গাজীপুর জেলাধীন বিভিন্ন সরকারি বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/ কার্যালয়সমূহের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি), সুশীল সমাজের প্রতিনিধি এবং এর আওতাধীন কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা-কর্মচারীকে বুঝাবে। সভায় সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার আইন এবং কর্মসম্পাদন সূচক নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

১. সভার আলোচনা ও সিদ্ধান্তঃ

| ক্রম | আলোচ্যসূচী/বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী ওয়েবপোর্টালে আপলোডকরণ | ২০২২-২০২৩ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার লক্ষ্য অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালে নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | অংশীজনের অংশগ্রহণে নিয়মিত ত্রৈমাসিক সভা আয়োজনপূর্বক সভার কার্যবিবরণী স্ব স্ব ওয়েবপোর্টালে নির্ধারিত শুদ্ধাচার কৌশল বক্সে আপলোড নিশ্চিত করতে হবে। | ১।অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গাজীপুর<br>২।উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br>৩। প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, গাজীপুর |
| ০২. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী কার্যক্রম গ্রহণ করত: যথাসময়ে কর্তৃপক্ষ বরাবরে প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২০২৩ অনুসরণ করতে হবে। | ১।সরকারি দপ্তর প্রধান (সকল), গাজীপুর<br>২।অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), গাজীপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর |
| ০৩. | সিটিজেন চার্টার প্রস্তুত ও সেবা গ্রহীতাদের স্বল্প সময়ে সেবা প্রদান কার্যক্রম সহজীকরন | সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭নিয়ে সভায় বিস্তারিত ভাবে আলোচনা করা হয়। প্রতিটি সরকারি বিভাগ/দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থা/ কার্যালয়সমূহে আবশ্যিকভাবে সিটিজেন চার্টার তৈরি করতে হবে মর্মে সভার সকলকে অবহিত করা হয়। | সিটিজেন চার্টার প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ এর আলোকে প্রতিটি সরকারি বিভাগ/দপ্তর /অধিদপ্তর/ পরিদপ্তর/সংস্থা/ কার্যালয়সমূহে আবশ্যিকভাবে সিটিজেন চার্টার প্রস্তুত ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) মোতাবেক দ্রুততম সময়ের মধ্যে সেবা গ্রহীতাদের প্রাপ্য সেবা প্রদান নিশ্চিত করতে হবে | ১। সরকারি দপ্তর প্রধান (সকল), গাজীপুর<br>২।অতিরিক্ত জেলা প্রশাসক (সকল), গাজীপুর<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়ন | তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং সকলকে উক্ত বিষয়ে অবহিত করা হয়। | তথ্য অধিকার আইন (তথ্য অধিকার আইন, ২০০৯) যথাযথভাবে বাস্তবায়ন ও প্রচার করতে হবে। | ১।সরকারি দপ্তর প্রধান (সকল), গাজীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>৩। জেলা তথ্য অফিসার, গাজীপুর (ব্যাপক প্রচারণার জন্য) |
| ০৫. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২১০৮) | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) সম্পর্কে সভাপতি বলেন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) মূলত বিভিন্ন সরকারি দপ্তরকর্তৃক প্রদানকৃত সেবা নিশ্চিতকরণের একটি প্ল্যাটফর্ম। জিআরএস ব্যবস্থার অন্তর্ভুক্ত প্রতিটি দপ্তরে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের একজন নাগরিক যে কোনো সেবার বিরুদ্ধে তার অসন্তোষ বা ক্ষোভ জানিয়ে অভিযোগ দাখিল করতে পারেন। জনগনের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিতকরণই অভিযোগ প্রতিকার মুখ্য উদ্দেশ্য বলে সভাকে অবহিত করেন। | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System) সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত ২০১৮) যথাযথভাবে বাস্তবানের মাধ্যমে জনগনের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিতকরণ, সেবার মানোন্নয়ন এবং সুশাসন সংহতকরণের মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিত করতে হবে। | ১। সরকারি দপ্তর প্রধান (সকল), গাজীপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর<br>৩। জেলা তথ্য অফিসার, গাজীপুর (ব্যাপক প্রচারণার জন্য) |
| ০৬. | অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ এবং ই নামজারি | ঘরে বসে ভূমি সেবা পেতে ভূমি মন্ত্রণালয় প্রবর্তন করেছে অনলাইন ভূমি সেবা। ফলে নাগরিকরা ঘরে বসে ভূমি সংক্রান্ত বিভিন্ন সেবা পেতে পারেন। যাদের জমি রয়েছে, বাড়ি বা ফ্ল্যাটের মালিকানার অংশ হিসাবে জমি পেয়েছেন, তাদের সবার জন্য ভূমি কর দেয়া বাধ্যতামূলক। প্রতিবছর সংশ্লিষ্ট ভূমি অফিসে ভূমি কর জমা দিয়ে রসিদ নিতে হয়। তবে এখন থেকে ldtax.gov.bd এই পোর্টালে প্রবেশ করে অনলাইনেই এই কর দেয়া যাবে পাশাপাশি যারা জমি ক্রয় করেছেন কিন্তু নামজারি করেন নাই তারা এখন অনলাইনে **mutation.land.gov.bd** ওয়েবসাইট ব্যবহার করে ই-নামজারির জন্য আবেদন করতে পারেন মর্মে সভায় আলোচনা হয়। | অনলাইনে ভূমি উন্নয়ন কর পরিশোধ ও ই নামজারির বিষয়ে কার্যক্রম জোরদার করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি) (সকল), গাজীপুর |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | চিপযুক্ত স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স | ড্রাইভিং লাইসেন্স প্রক্রিয়াকে সহজ ও দ্রুততর করার প্রয়াসে ডিজিটালভাবে একটি কার্ড প্রদান করা হচ্ছে যেখানে আপনার দশ আঙ্গুলের ছাপ, ত্রিকোণ ছবি ও যাবতীয় তথ্য সংরক্ষিত থাকে। গাড়ি চালানোর সময় ট্রাফিক পুলিশ যাতে সহজেই ড্রাইভিং লাইসেন্স যাচাই করতে পারে এবং চালকের নিকট অতিরিক্ত তথ্য চাইতে না হয় সেজন্যই মূলত স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স চালু করা হয়েছে। | চালক পর্যায়ে স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রদানে কাঙ্খিত সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | সহকারী পরিচালক(ইঞ্জি:), বিআরটিএ, গাজীপুর |
| ০৮. | ই-পাসপোর্ট সেবা | দক্ষিণ এশিয়ায় প্রথম দেশ হিসেবে ই-পাসপোর্ট যুগে বাংলাদেশ। ই-পাসপোর্টের সবচেয়ে বড় সুবিধা হচ্ছে এর মাধ্যমে ই-গেট ব্যবহার করে খুব দ্রুত ও সহজে ভ্রমণকারীরা যাতায়াত করতে পারবেন। ফলে বিভিন্ন বিমানবন্দরে ভিসা চেকিংয়ের জন্য লাইনে দাঁড়াতে হবে না। এর মাধ্যমেই ইমিগ্রেশন দ্রুত হয়ে যাবে। ই-গেটের নির্দিষ্ট স্থানে পাসপোর্ট রেখে দাঁড়ালে ক্যামেরা ছবি তুলে নেবে। কারও বিরুদ্ধে ভ্রমণ নিষেধাজ্ঞা থাকলে, সেটিও জানা যাবে মর্মে সভাকে অবহিত করেন। | ই-পাসপোর্ট প্রদানে গ্রাহক পর্যায়ে সেবা সহজীকরণ করতে হবে। | সহকারী পরিচালক, পাসপোর্ট অফিস, গাজীপুর |
| ০৯. | কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ | অংশীজনের অংশগ্রহণে আয়োজিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত সমূহের আলোকে নিয়মিত অগ্রগতি প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। | উপজেলা নির্বাহী অফিসারগণ নিয়মিত ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর উপর অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাজীপুর |

০২। অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় রাষ্ট্র ও জনগণের স্বার্থে আন্তরিকতার সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনার আলোকে সকল পর্যায়ে সুশাসন বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ARahman

আনিসুর রহমান
জেলা প্রশাসক, গাজীপুর

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০২৫.০২.০০২.২২.২৬২

তারিখ: ১২ আশ্বিন ১৪২৯
২৭ সেপ্টেম্বর ২০২২

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা
৩) দপ্তর প্রধান (সকল), জেলা ও উপজেলা কার্যালয়, গাজীপুর
৪) উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, গাজীপুর
৫) অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর

৬) উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালিগঞ্জ/কালিয়াকৈর/শ্রীপুর/কাপাসিয়া, গাজীপুর

৭) সহকারী কমিশনার (ভূমি), (সকল), গাজীপুর

৮) সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, গাজীপুর

৯) সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাজীপুর

১০) প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা ও উপজেলা কার্যালয়, গাজীপুর

১১) ........................................................................................................................,
..................................................................................................................

১২) অফিস কপি

আনিসুর রহমান
জেলা প্রশাসক